

চট্টগ্রামে আইসিটি বই পায়নি লক্ষাধিক শিক্ষার্থী

■ চট্টগ্রাম ব্যুরো

বছরের দুই মাস পার হলেও চট্টগ্রামে ৭২৪টি মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর প্রায় এক লাখ শিক্ষার্থী এখনও পায়নি আবশ্যিক বিষয় আইসিটির বই! বই না পাওয়ায় উৎকণ্ঠায় আছেন লক্ষাধিক শিক্ষার্থীর অভিভাবকও। সংশ্লিষ্টরা বলছেন, আইসিটি ঐচ্ছিক বিষয় ছিল।

এ বছর বিষয়টি আবশ্যিক করায় এমন জটিলতা সৃষ্টি হয়েছে। গত ১ মার্চ শিক্ষা অফিস অন্তত ১০ হাজার বই জরুরিভিত্তিতে পাঠাতে চিঠি পাঠিয়েছে

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে (এনসিটিবি)।

এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান বলেন, 'সমস্যাটি অতি দ্রুত সমাধানের ব্যবস্থা করা হচ্ছে।'

এনসিটিবি চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র পাল বলেন, নতুন চাহিদা অনুযায়ী প্রিন্ট করে দুই দিনের মধ্যে চট্টগ্রামে পৌঁছানো হবে আইসিটি বই। এ প্রসঙ্গে চট্টগ্রামের বই বিতরণ কমিটির সভাপতি ও জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন বলেন, 'শিক্ষার্থীরা আর যেন দুর্ভোগে না পড়ে সে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।'

জেলা মাধ্যমিক অফিস সূত্রে জানা যায়, চট্টগ্রামের ১৪ উপজেলার মধ্যে সীতাকুণ্ড ও আনোয়ারা ছাড়া বাকি উপজেলাসহ মহানগরীতে আইসিটি বিষয়ের সব

দুই দিনের
মধ্যে এই
সমস্যা
সমাধান
হবে'

বই এসে পৌঁছায়নি। এর মধ্যে ১২ উপজেলায় ৬০ হাজার এবং মহানগরীতে বই পায়নি এমন শিক্ষার্থীর সংখ্যা ৪০ হাজার।

আইসিটি বই না পাওয়ায় চট্টগ্রামের নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণীর শিক্ষার্থী রবিন মল্লিক ফোভ প্রকাশ করে বলে, 'জিপিএ ৫ পেতে হলে প্রতিটি বিষয়ই সমান গুরুত্বের সঙ্গে পড়তে হয়; কিন্তু আইসিটি বই সম্পর্কে কোনো ধারণা নেই আমাদের। একই অভিযোগ করে নগরীর সরকারি মুসলিম উচ্চ

বিদ্যালয়ের নবম শ্রেণীর শিক্ষার্থী আবু সাদ্দাম।

এই বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ইতি কণা চৌধুরী বলেন, 'আইসিটি বিষয়ের একটি বইও আমরা পাইনি। বিষয়টি জেলা শিক্ষা কর্মকর্তাকে অবহিত করার পর খুব শিগগিরই এ সমস্যা সমাধানের আশ্বাস দেওয়া হয়েছে। সুমাইয়া রহমান নামে এক অভিভাবক সমকালকে বলেন, প্রত্নতি ছাড়া কীভাবে পরীক্ষায় অংশগ্রহণ করবে শিক্ষার্থীরা তা নিয়ে শঙ্কায় আছি আমরাও।

চট্টগ্রামের মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হোসনে আরা বেগম বলেন, 'এ বছর মন্ত্রণালয় আইসিটি বিষয়কে বাধ্যতামূলক করার ঘোষণা দেওয়ায় জটিলতা সৃষ্টি হয়েছে।'